নেপাল রায়চৌধুরী নিবেদিত

এম·এল·প্রোডাকসন্সের

সম্রাট

নেপাল রায়চৌধুরী নিবেদিত

এম, এল,
প্রোডাকসন্সের
দ্বিতীয় নিবেদন

সম্রাট

পরিচালনা :
অজিত লাহিড়ী
সংগীত :
কালীপদ সেন

A প্রাপ্ত বয়স্কদের জন্য A

কাহিনী : **শ্রীমতী গৌরী মিত্র** ॥ চিত্রনাট্য : **মৃগাঙ্ক শেখর রায়** ॥ গীতরচনা : **অতুল প্রসাদ, কাজী নজরুল ইসলাম** ॥ সংগঠনে : **লক্ষ্মী পাল।** চিত্রগ্রহণ : **বিজয় দে** ॥ সম্পাদনা : **রাসবিহারী সিন্‌হা** ॥ শিল্পনির্দেশনা : **গোপী সেন** ॥ রূপসজ্জা : মনোতোষ রায় ॥ সাজসজ্জা : সরযূলাল ॥ নেপথ্য কণ্ঠশিল্পী : **প্রসূন বন্দ্যোপাধ্যায়** ও সান্ত্বনা বসু ॥ পরিচয়লিখন : দিগেন ষ্টুডিও ॥ শব্দ পুনঃর্যোজনা ও সংগীত গ্রহণ : **সত্যেন চট্টোপাধ্যায়** ও **বলরাম বারুই** ॥ ব্যবস্থাপনা : নিতাই সরকার, সুকুমার বসু ॥ স্থিরচিত্রগ্রহণ : ষ্টুডিও বলাকা ॥ প্রচার তত্বাবধান : প্রবীর ঘোষ, গৌর রায়চৌধুরী, কানু রায়চৌধুরী ॥ অংকন : ডিজাইন, নিরআর্ট, রূপায়ণ, পালিত, ভবানীপুর লাইট হাউস, তরন বরাট, প্রফুল্ল নাগ, সিলকো-প্রিন্ট ॥ আলোকনিয়ন্ত্রণ : তাপস সেন, রামস্বরূপ পাণ্ডে, হেমন্ত দাস, মনোরঞ্জন দত্ত বিনয় ঘোষ, দেবেন দাস, মগরু, নিশামণি, লেংকা ॥ শব্দগ্রহণ : জে, ডি, ইরাণী, অবনী চট্টোপাধ্যায় ও বলরাম বারুই ॥ প্রধান সংগঠক : **যোগীন দে।** প্রচার উপদেষ্টা ও জনসংযোগ সচিব : **শ্রীপঞ্চানন** ॥

: সহকারীবৃন্দ :

পরিচালনায় : বকুল মজুমদার, বিশ্বনাথ চট্টোপাধ্যায় ॥ সংগীত পরিচালনায় : শৈলেশ রায় ॥ চিত্রগ্রহণে : শান্তি দত্ত ॥ সম্পাদনায় : অনিল দাস ॥ শিল্পনির্দেশনায় : অনু বর্ধন ॥ রূপসজ্জায় : অক্ষয় দাস ॥ সংগঠনে : ভীমাচরণ ভট্টাচার্য ॥ পরিচয়লিখনে : লাল্টু রায় ॥ শব্দগ্রহণে : সিদ্ধি নাগ, মাণিক দে ॥ প্রচারে : কল্যাণী দত্ত, নিকুঞ্জ কিশোর বসু ও বারীন ঘোষ এম, এ ॥ শিল্পনির্মানে : সাজো খাঁ, পহেলী জানা, ক্ষেত্র নায়েক, ভোলা জানা, মৃত্যুঞ্জয় মণ্ডল, পাঁচু দাস, কেনা জানা, চুটুরাম ॥ তত্বাবধানে : অরূপ মিত্র।

চরিত্রচিত্রণে : **সুপ্রিয়া দেবী, অনিল চট্টোপাধ্যায়।**

রবি ঘোষ (অতিথি), **ধীরাজ দাস, অনামিকা সাহা,** অপু মজুমদার, প্রদীপ চক্রবর্তী, রাজলক্ষী দেবী (ছোট), প্রসাদ চট্টোপাধ্যায়, সোমনাথ মুখোপাধ্যায়, দেবকুমার সাহা, শৈলেন গঙ্গোপাধ্যায়, কান্তি মুখোপাধ্যায়, পূর্ণচন্দ্র ঘোষ, রমেন কান্তি বন্দ্যোপাধ্যায়, বিজয়া চক্রবর্তী, সমর ঘোষ, বকুল মজুমদার, বলরাম চট্টোপাধ্যায়, মিহির পাল এবং

শ্রীমান সোম্য চট্টোপাধ্যায়, ও আরও অনেকে।

: কৃতজ্ঞতাস্বীকার :

শ্রীমতী শুক্লা দেবী, ধৃতিন চক্রবর্তী, দীপক দাস, শ্যামল মিত্র, ডাঃ এইচ মুখোপাধ্যায়, চেতলা বয়েজ হাইস্কুল, ক্যামেলিয়া রেষ্টুরেন্ট, শ্রীমতী মঞ্জুষা বিশ্বাস ॥

ইন্দ্রপুরী ষ্টুডিওতে আর, সি, এ শব্দযন্ত্রে গৃহীত এবং অজিত রায় ও গৌরী মুখার্জীর তত্বাবধানে ইউনাইটেড সিনে ল্যাবরেটরীজ-এ পরিস্ফুটিত।

বিশ্বপরিবেশনা : **সিনে ফিল্ম ডিষ্ট্রিবিউটার্স (ক্যালকাটা)**
৬।৩, ম্যাডান ষ্ট্রীট, কলিকাতা-৭০০০৭২ ফোন : ২৩-৩৮১০

অধ্যাপিকা স্ত্রী মীরা আর ছোট ভাই সম্রাট ওরফে সমুকে নিয়ে নিঃসন্তান নামী অফিসার অমরের সাজানো সংসার। অবিছিন্ন সুখ ও ইপ্সিত শান্তির মধ্যদিয়ে ওদের জীবনের আরো একটি বছর অতিবাহিত হ'ল। এরই ফাঁকে কথা উঠেছে অমর-মীরার বিবাহ বার্ষিকী পার্টির আয়োজন নিয়ে। শুরুতে মীরার ঘোর আপত্তি, ছিল অথচ মীরা চায় না বলেই পার্টি বন্ধ থাকবে একথা অমরের বন্ধু-বান্ধবেরা মেনে নিতে পারল না। ফলে পীড়াপীড়ি শুরু হ'ল। মীরাকে অবশেষে রাজী হতেই হ'লো।

উচ্চপদস্থ অভিজাত অতিথি-অভ্যাগতদের নিয়ে একসময় পার্টি মুখর হয়ে উঠল। নাচ-গানের-সঙ্গে চললো ব্লু-ফ্লিমের শো। ছুটলো বিদেশী মদের ফোয়ারা। কমবেশী মাতাল হল উপস্থিত সবাই।

সব চাইতে বেশী মাতলামি শুরু করল অমর। ওর মনের গুপ্ত অলিন্দে লুকিয়ে থাকা পুরোনো শয়তানটা আজ প্রকাশ্যে বেরিয়ে আসতে চাইল। মদ আর মেয়েমানুষ নিয়ে অতীতের মতো আজও অমর উচ্ছৃঙ্খল হ'ল, উত্তেজিত হল যেন মাত্রাতিরিক্তভাবেই।

অমরের উন্মত্ততার চরম মুহূর্তে মীরা তখনও কলেজে অধ্যাপনায় ব্যস্ত।

এদিকে স্কুল থেকে ফিরে ছোট ভাই সমু দরজার ঈষৎ ফাঁক দিয়ে ঐ কুৎসিৎ পার্টির মজা লুটতে গিয়ে আবিষ্কার করল তার শ্রদ্ধেয় দাদাকে। সে অবাক হয়ে ভাবতে লাগল একজন অপরিচিতা উদ্ভিন্নযৌবনা মহিলাকে জড়িয়ে ধরে তার দাদা অমন করে মাতলামী করছে কেন। তবে কি ?··· ···

না—সমু আর ভাবতে পারেনা। সমস্ত ভাবনার রেশ সমুর মন থেকে মিলিয়ে যাবার আগেই লুকিয়ে পার্টির অনাবৃতরূপ প্রত্যক্ষ করার অপরাধ কলেজ ফেরৎ বৌদি মীরা চোখে ধরা পড়ল। সমুর এই অধঃপতন লক্ষ্য করে মীরার স্বাভাবিক ধৈর্য্যের চ্যুতি ঘটলো। অপরাধের ফলস্বরূপ সমুকে অস্বাভাবিক প্রহার সহ্য করতে হ'ল তারই স্নেহময়ী বৌদি (মীরা)-র হাতে।

সমুকে বিছানায় ঘুমপাড়িয়ে রেখে অনিচ্ছাসত্বেও মীরা পার্টির দিকে পা বাড়ানোর আগেই বাড়ীর সমস্ত আলো হঠাৎ নিভে গেল। কিন্তু কেন?··· কেনই বা তা আবার মুহূর্ত্তের মধ্যে জলে উঠল?···

মীরা তবুও থামলোনা। পার্টিরুমে ঢুকেই মীরার প্রথম নজর পড়লো তার স্বামী অমরের উপর।

কিন্তু অমরের আজ একি উন্মত্ত অবস্থা! মীরা ভাবতেও পারেনা অমর এমন কুৎসিৎ ভাবে কোন অপরিচিতাকে তার সবল বাহুবেষ্ঠনীর সামগ্রী করতে পারে।

তবে কি অমরের কাছে মীরার অস্থিত্বও অবশিষ্ট মূল্যটুকুও ফুরিয়ে গিয়েছে?

মীরা ভাবতে থাকে সত্যই সে এখন কি করবে। তার কি করা উচিত। ভাবনার অন্তরালে মীরা ক্রমশই অগোছালো হতে থাকে। মনের আকাশে দেখা দেয় অন্ধকারের ঘনঘটা।

অন্যদিকে সমুর জীবনেও দেখা দিয়েছে আশাতীত অধঃপতন। স্কুলের সেরা ছেলে সমু কুসঙ্গে পড়ে হঠাৎ স্কুল পালাতে শুরু করেছে, রেসের মাঠে আড্ডা জমিয়েছে।··· কিন্তু কেন? হঠাৎ কেন সমুর এই অস্বাভাবিক পরিবর্তন?—তার এই পরিবর্তনের জন্য দায়ী কে—এই সমাজ? উদ্দেশ্যহীন শিক্ষাব্যবস্থা না কুৎসিৎ পরিবেশ ও পরিজন? তার খবর হয়তো কেউ রাখে না। অমরও রাখেনি! কিন্তু মীরা তা রাখতে চায়। অথচ সমু তখন নাগালের বাইরে। বন্ধুর চুরি করা টাইপরাইটাটি তার মালিক কে ফিরিয়ে দিতে গিয়ে মিথ্যে চৌর্যবৃত্তির অপরাধে সে তখন হাজতে। সে খবর অমর যানেনা এমন নয়—কিন্তু তবু কেন সে মীরার অনুরোধে নিজের একমাত্র ছোট্ট ভাইকে মিথ্যে অপরাধের হাত থেকে মুক্ত করতে নারাজ?···মীরা তা জানে তার সঠিক কারণ হদিশ করতে পেরেও এখনো নিরুপায় কেন?

তাহলে সমু কি হাজতের চার দেয়াল থেকে মুক্তি পাবেনা?

মুক্তি??

কিন্তু তার বন্দী জীবনের মুক্তিদাতা হবে কোন সে সুজন?

মীরার ভাঙ্গা মন জোড়া দেবে কে? যার প্রকৃত ভালোবাসার জন্য মীরার অন্বেষণের শেষ নেই।···

সঙ্গীত

(১)

কথা ও সুর :—কাজী নজরুল।

তুমি সুন্দর তাই চেয়ে থাকি প্রিয়
সে কি মোর অপরাধ!
চাঁদেরে হেরিয়া কাঁদে চকোরীনি
বলে না তো কিছু চাঁদ।
চেয়ে চেয়ে দেখি ফোটে যবে ফুল
ফুল বলে না তো সে আমার ভুল।
মেঘ হেরি ঝুরে চাতকিনী
মেঘ করে না তো প্রতিবাদ॥
জানি সূর্যেরে পাবে না তবু ও
অবুঝ সূর্যমুখী।
চেয়ে দেখে তার দেবতাকে
দেখিয়াই সে যে সুখী।
হেরিতে তোমার রূপ মনোহর
পেয়েছি এ আঁখি ওগো সুন্দর
মিটিতে দাও হে প্রিয়তম মোর
নয়নের সেই সাধ॥

(২)

কথা ও সুর—অতুলপ্রসাদ

কে আবার বাজায় বাঁশী এ ভাঙা কুঞ্জ বনে ;
হৃদি মোর উঠল কাঁপি চরণের সেই রণণে !
কোয়েলা ডাকল আবার, যমুনায় লাগল জোয়ার ;
কে তুমি আনিলে জল ভরি মোর দুই নয়নে ?
আজি মোর শূন্য ডালা, কি দিয়ে গাঁথব মালা ;
কেন এই নিঠুর খেলা খেলিলে আমার সনে !
হয় তুমি থামাও বাঁশী, নয় আমায় লওহে আসি—
ঘরেতে পরবাসী থাকিতে আর পারিনে !

নেপাল রায়চৌধুরী নিবেদিত

পরবর্তী ছবি...

★

নীরোদ চৌধুরীর

চামেলী মেমসাব্

★

জনপ্রিয়

শিল্পী

সমন্বয়ে

নির্মীয়মান !

সিনে ফিল্ম ডিষ্ট্রিবিউটার্স (ক্যালকাটা)-র প্রচার দপ্তর থেকে প্রকাশিত।
মূদ্রনে : ন্যাশনাল আর্ট প্রেস, কলিকাতা-১৩।
সম্পাদনা ও গ্রন্থনা ঃ শ্রীপঞ্চানন।